


ঢাকায় আন্তর্জাতিক প্লাস্টিক ও প্যাকেজিং মেলা শুরু আগামীকাল

- A Monitor Desk Report

Date: 27 January, 2026



ঢাকাঃ দেশীয় ও আন্তর্জাতিক উদ্যোক্তাদের মধ্যে ব্যবসায়িক যোগাযোগ জোরদার এবং বিনিয়োগের নতুন সুযোগ তৈরির লক্ষ্যে ঢাকায় আগামীকাল বুধবার (২৮ জানুয়ারি) শুরু হচ্ছে ১৮তম আন্তর্জাতিক প্লাস্টিক মেলা-২০২৬।

রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুক্রায় (আইসিসিবি) ৪ দিনব্যাপী এ মেলা আগামীকাল শুরু হয়ে চলবে শনিবার (৩১ জানুয়ারি) পর্যন্ত। প্রতিদিন বেলা ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে মেলা।

বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিপিজিএমইএ সভাপতি শামীম আহমেদ।

তিনি বলেন, 'বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশন ও হংকংভিত্তিক প্রতিষ্ঠান ইয়র্কার ট্রেড অ্যান্ড মার্কেটিং সার্ভিস কোম্পানি লিমিটেড যোথভাবে মেলার আয়োজন করছে।

এবারের আয়োজনে থাকছে ৮০০টিরও বেশি স্টল, যেখানে ১৮টি দেশ থেকে ৩৯০টিরও বেশি ব্র্যান্ড অংশগ্রহণ করবে।'

এবারের মেলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাণিজ্য সচিব মাহবুবুর রহমান।

সংবাদ সম্মেলনের বক্তব্যে বিপিজিএমইএ সভাপতি সামিম আহমেদ বলেন, প্লাস্টিক, প্যাকেজিং ও প্রিন্টিং শিল্প বর্তমানে বাংলাদেশের শিল্পায়ন, রপ্তানি বাণিজ্য এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ। তৈরি পোশাক, কৃষি, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ওষুধ, ই-কমার্সসহ প্রায় সব উৎপাদন খাতে এই শিল্পের ভূমিকা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

আইপিএফ-২৬ কেবল একটি প্রদর্শনী নয়। এটি হবে প্রযুক্তি, উন্নয়ন ও সম্ভাবনার এক অনন্য মিলনমেলা জানিয়ে সামিম আহমেদ বলেন, এই

মেলার মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক উদ্যোক্তাদের মধ্যে ব্যবসায়িক যোগাযোগ বৃক্ষি পাবে, নতুন বিনিয়োগের সুযোগ সৃষ্টি হবে এবং আধুনিক ও পরিবেশবান্ধব উৎপাদন প্রযুক্তির সঙ্গে স্থানীয় শিল্প উদ্যোক্তারা পরিচিত হতে পারবেন।

এই মেলা দেশের প্লাস্টিক শিল্পকে আন্তর্জাতিক বাজারে আরও প্রতিযোগিতামূলক করে তুলবে, রপ্তানি সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং 'মেইড ইন বাংলাদেশ' ব্র্যান্ডকে বিশ্ববাজারে আরও সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করবে বলে আশা প্রকাশ করেন শামীম আহমেদ।

এ সময় গণমাধ্যমের সহযোগিতা কামনা করেন এবং দেশ-বিদেশের উদ্যোক্তা, বিনিয়োগকারী, নীতিনির্ধারক ও শিল্প সংশ্লিষ্ট সবাইকে আইপিএফ-২৬ মেলা পরিদর্শনের জন্য আন্তরিক আমন্ত্রণ জানান তিনি।

আয়োজকরা জানান, মেলায় থাকবে ৮০০টির বেশি স্টল, যেখানে ১৮টি দেশ থেকে ৩৯০টিরও বেশি ব্রান্ড অংশগ্রহণ করবে। চীন, ভারত, ইতালি, জাপান, ভিয়েতনাম, তাইওয়ান, সংযুক্ত আরব আমিরাত, তুরস্ক, যুক্তরাজ্য, মালয়েশিয়া, কোরিয়া, থাইল্যান্ডসহ অন্যান্য দেশের কোম্পানিগুলো তাদের পণ্য ও প্রযুক্তি প্রদর্শন করবে।

-B